পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :vcoffice@du.ac.bd, registrar@du.ac.bd

মেমোনংঃ- ৪৮৯-৪৯৫(২)/শা-২/প.তারিখঃ ৩ মাঘ ১৪২৪ / ১৬ জানুয়ারি ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকাকলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, কবিনজরুলসরকারিকলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইডেনমহিলাকলেজ, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, বেগমবদরুন্নেছাসরকারিমহিলাকলেজ, বকশীবাজার, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারিবাঙলাকলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারিতিতুমীরকলেজ, গুলশান, ঢাকা।

পুন:প্রচারিত সংশোধিত মাস্টার্স ১ম পর্ব নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মহোদয়,
পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৩-২০১৪ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন এবং ২০১৫ সনের প্রাইভেট ও২০১৩ ও ২০১৪ সনের প্রাইভেট অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের আবেদনফরম পূরণ, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলীও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ডাটা এন্ট্রি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

ক্র. নং	নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও বিশেষ পরীক্ষার্থীদের ফি এর বিবরণ	টাকা	পরীক্ষার্থী কর্তৃক আবেদনফরমপূরণ ও জমাদানের তারিখ	ব্যাংক ড্রাফটের তারিখ	ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফ্‌টকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ
০১	এম.এ, এম.এস.এস, এম.বি.এস, প্রতি পরীক্ষার্থীর জন্য ফি।	টাকা ১,৩৫০/-	১৬/০১/২০১৮ মঙ্গলবার থেকে ২৪/০১/২০১৮ বুধবার পর্যন্ত	২৫/০১/২০১৮ বৃহস্পতিবার	২৭/০১/২০১৮ রবিবার
	এম.এস.এস (অর্থনীতি) প্রতি পরীক্ষার্থীর জন্য ফি।	টাকা ১,৫৫০/-			
০২	এম.এসসি প্রতি পরীক্ষার্থীর জন্য ফি।	টাকা ১,৬০০/-			
	এম.এসসি (গণিত) প্রতি পরীক্ষার্থীর জন্য ফি।	টাকা ২,২০০/-			
	এম.এসসি পরিসংখ্যান প্রতি পরীক্ষার্থীরজন্য ফি।	টাকা ২,১৫০/-			
০৩	২০১৩ সালের অকৃতকার্য এবং ২০১৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য/তৃতীয় শ্রেণি/৪৫% এর নীচে নম্বর পেয়েছে তারা বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।	টাকা ১০০০/-			
০৫	নম্বরপত্র ফি প্রতি পরীক্ষার্থীর জন্য	টাকা ৪৫০/-			
০৬	কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) * কলেজ- ১৫০/- * কেন্দ্র- ৩০০/-	টাকা ৪৫০/-	ঢাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না।		
০৭	ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	টাকা ১২০/-			
০৮	টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	টাকা ১৫০/-			

০১. আবেদন ফরম সংগ্রহঃ
মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার আবেদন ফরম কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (https://7college.du.ac.bd) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদনফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট কলেজের স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

১। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

ক) ২০১৪-১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার নিয়মিত ছাত্র/ছাত্রী ও ২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার প্রাইভেট পরীক্ষার্থী।

খ) ২০১২-১৩, ২০১৩-১৪ শিক্ষাবর্ষে অনিয়মিত এবং ২০১৩ ও ২০১৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীরা ২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৪ সালের ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৫ সালে বিশেষ পরীক্ষার্থীহিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৪ সালের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরনের পরীক্ষার্থী ২০১৪ সালের পরীক্ষায় যে সব পত্রে ৪৫% এর কম পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করতে পারবে। ২০১৩ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কোন কিছু জানার প্রয়োজন মনে করলে ফরম পূরণের পূর্বেই তা জেনে নিতে হবে। ২০১৩ সালের পরীক্ষার্থীরা সকল পত্রে অংশগ্রহণ করবে। এখানে উল্লেখ্য যে, ২০১৩ সালের পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে। তবে নম্বর ৪০% এর কম থাকলে ২০১৫ সনের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২। পাঠ্যসূচি ঃ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে)

ক)২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০১৫ সালের এম.এ/এম.এস.এস/এম.বি.এস/এম.এসসি/ ১ম পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিকভাবে এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে এবংনির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্রবাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৪। আবেদন ফরম নিশ্চয়নের নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের (নিয়মিত ও প্রাইভেট)রেজিস্ট্রেশনের ডাটা এক্সেল ফরমেটে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরবরাহ করা হবে এবং অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে তথ্য ডাটা যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে নিয়মিত পরীক্ষার্থীদের ডাটার সাথে প্রেরণ করতে হবে। এছাড়াও পূরণকৃত আবেদনফরমেরবিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে এবং **মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/ম্যাথল্যাব/টিউটোরিয়াল এর নম্বরসমুহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।**

৫। ফি জমাদানের নিয়মাবলী ঃ-

২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ"DU-Affiliated Colleges" শিরোনামেহিসাব নংঃ-৪৪০৫৭০৩০০০০৬৬ -এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা বিশ্ববিদ্যালয়ে নগদ জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে আরও ৫০/- (পঞ্চাশ টাকা) করে কলেজকে প্রদান করবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd